

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১০১.১৯.১০৫

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৬  
২৫ জুন ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-২২১৮/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে  
টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৪.০৩.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মুঃ মোহসিন উদ্দীন, পিতা: মৃত হাজী বুস্তম আলী হাওলাদার, গ্রাম: জামাল মাঝী, কাজী কান্দা, পোস্ট: মৌড়ুবী, থানা: গলাচিপা, জেলা: পটুয়াখালি এবং অধ্যক্ষ, পাতাবুনিয়া আদর্শ কৃষি এবং কারিগরি কলেজ, গ্রাম: পাতাবুনিয়া, পোস্ট: চংখোলা, থানা: গলাচিপা, জেলা: পটুয়াখালি কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২২১৮/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ, অর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, পাতাবুনিয়া আদর্শ কৃষি এবং কারিগরি কলেজ এর স্মারক নং-পা.আ.কা.ম/নিয়ো-১৭৮/২০১৪, তারিখ: ২৪.১১.২০১৪ খ্রি: মূলে রিট আবেদনকারী জনাব মুঃ মোহসিন উদ্দীন, পিতা: মৃত হাজী বুস্তম আলী হাং-কে কলেজের অধ্যক্ষ পদে নিয়োগপত্র প্রদান করা হয়। উক্ত পদে তিনি (মুঃ মোহসিন উদ্দীন) ২৫.১১.২০১৪ খ্রি: তারিখে যোগদান করেন। অতঃপর অধ্যক্ষ পদে এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, কাশিমা বরাবর আবেদন জানানো হয়। কিন্তু অধ্যক্ষ পদে তার এমপিওভুক্তি না হওয়ার প্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে এমপিওভুক্তিসহ ২৫.১১.২০১৪ খ্রি: তারিখে যোগদানের পর হতে বেতন-ভাতার বকেয়া দাবীতে রিট পিটিশন নং-২২১৮/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. রিট পিটিশন নং-২২১৮/২০১৯ মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ৬ (ছয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; এ সকল বিষয়ে প্রমাণকসহ প্রয়োজনীয় তথ্য মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-২২১৮/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে *Affidavit in opposition* দাখিলক্রমে (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ১০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১১ আষাঢ়, ১৪২৬

ড. মোঃ মহাবুব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১০১.১৯.১০৫/১(৭)

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৬

২৫ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২১-৬-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)